

৪/১০/০৮
৪২

বরিশালের অর্ধ শতাধিক স্কুল-কলেজের এমপিও বাতিল করা হচ্ছে

৥ বরিশাল অফিস ৥

নিম্ন স্বস্বস্তি না থাকা, শিক্ষার্থী অপ্রতুল ও পাসের হার পুন্যসহ বিভিন্ন অনিয়মের অভিযোগে বরিশাল শিক্ষা বোর্ডের অধীন প্রায় অর্ধ শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল করা হচ্ছে। একই কারণে ইতিমধ্যে শতাধিক মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের সরকারি অংশের বেতন ভাতা বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। বিগত সরকারগুলোর আমলে অভিজ্ঞ শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাপারে সরকারী ও বেসরকারীভাবে তদন্ত করা হয়। এছাড়া জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস থেকেও তদন্ত করে তার রিপোর্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ঐ সকল রিপোর্টে বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ করা হয়। অভিযোগের মধ্যে রয়েছে প্রয়োজনীয়তা ছাড়া রাসনৈতিক বিবেচনায় বেশীরভাগ শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা, ঐ সকল স্কুল-কলেজের নিম্ন স্বস্বস্তি না থাকা, শিক্ষার্থীর সংখ্যা অপ্রতুল, বেশ কয়েক বছর ধরে একজন শিক্ষার্থীও পাস না করা। বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে যেখান থেকে মাত্র ৩/৪ জন শিক্ষার্থী বোর্ড পরীক্ষায় অংশ নিয়েছে। অথচ ঐ শিক্ষার্থীর জন্য শিক্ষক-কর্মচারী রয়েছে ৮/১০ জন। এছাড়া নামলার কারণে বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানে বছরের পর বছর ধরে শিক্ষার পরিবেশ বিক্ষিপ্ত হচ্ছে। এ সকল কারণে বরিশাল শিক্ষা বোর্ডের অধীন অর্ধশতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিলের সিদ্ধান্ত নিতে যাচ্ছে শিক্ষা মন্ত্রণালয়। এ ব্যাপারে বরিশাল শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক খোন্দকার অপিউল ইসলাম জানান, যেহেতু বেশ কিছু মাদ্রাসার এমপিও বাতিল হচ্ছে। সে ক্ষেত্রে অভিজ্ঞ স্কুল ও কলেজের ক্ষেত্রেও সরকার কঠোর হবে। উল্লেখ্য, শতাধিক মাদ্রাসার বিরুদ্ধে একাধিক অনিয়মের অভিযোগ থাকায় ঐ সকল মাদ্রাসার এমপিও বাতিলসহ সকল শিক্ষক-কর্মচারীর সরকারি বেতনের অংশ বাতিলের সুপারিশ করা হয়েছে।